



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মেরিন ফিশারিজ একাডেমি  
অধ্যক্ষ এর দপ্তর  
[www.mfacademy.gov.bd](http://www.mfacademy.gov.bd)

----

নম্বর: ৩৩.০৭.০০০০.০০১.২০.০০২.২১.৩৬

৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

#### বিজ্ঞপ্তি

বিষয়: মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামে নটিক্যাল সায়েন্স ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪৪তম ব্যাচে ক্যাডেট ভর্তি সংক্রান্ত।

সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে  
প্রকাশিত চূড়ান্ত ফলাফল অনুযায়ী মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য ৪৪তম ব্যাচে চূড়ান্তভাবে নির্বাচিত ৭০জন  
পুরুষ ও ১০ জন মহিলা প্রার্থীদের একাডেমিতে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা নিম্নে প্রদান করা হলোঃ

১। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে ২৯ ফেব্রুয়ারি  
২০২৪ তারিখ পর্যন্ত (সরকারি ছুটি ব্যতীত) সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০৩:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।

২। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত মেডিকেল টেস্টসমূহ যথা-  
CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile যেকোন সরকারি রেজিস্টার্ডভুক্ত মেডিকেল ল্যাব/ প্যাথলজি হতে সম্পন্ন করে মেডিকেল  
রিপোর্ট একাডেমিতে ভর্তির সময় জমা দিতে হবে। স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় প্রার্থীদের বহন করতে হবে।

৩। একাডেমিতে ভর্তির সময় অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর, চট্টগ্রাম বরাবর ৫০,০০০/-  
(পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমির ভর্তি কমিটির নিকট জমা প্রদান  
করতে হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বর ফর্দ জমা দিতে হবেঃ

- ক) মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষার এডমিট কার্ড - ০১ কপি।
- খ) মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- গ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- ঘ) জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি - ০২ কপি
- ঙ) নাগরিকত সনদ - ০১ কপি
- চ) অবিবাহিত প্রমাণের সনদপত্র - ০১ কপি
- ছ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র - ০১ কপি
- জ) পাসপোর্ট সাইজের ছবি - ০৪ কপি

৫। একাডেমিতে ভর্তির সময় প্রার্থীদের মূল আবেদন ফরম (Main Application Form) একাডেমি হতে প্রদান করা হবে। এছাড়াও এতদসঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী “ইনডেমনিটি বল (১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে; নমুনা সংযুক্ত-১) এবং অঙ্গীকারনামা (৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে, নমুনা সংযুক্ত-২) যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৬। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে আয়কর সনদ/ আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাংসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

৭। International Maritime Organization (IMO) এর Protocol অনুযায়ী প্রার্থীর সুহ্ততা সম্পর্কে ভর্তির সময় হাঁপানী, সৃগীসহ ক্রমিক রোপে আক্রান্ত নয় মর্মে অভিভাবক কর্তৃক ঘোষণাপত্র/প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে (নমুনা সংযুক্ত-৩)। এছাড়াও একাডেমিতে অবস্থানকালীন/অধ্যয়নরত অবস্থায় জরুরি চিকিৎসার ক্ষেত্রে হাসপাতালে চিকিৎসা শুরু করার অনুমতি পত্র (নমুনা সংযুক্ত-৪)।

৮। একাডেমিক ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সফলভাবে সমাপ্তির পর ও পরবর্তী বিএসসি অনার্স কোর্স শেষে জাহাজে/অন্যান্য সেটেরে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য হেল্প লাইন নম্বর: ০১৫৫৭-৬৩৬৮৫৭; ০১৩১৩-৩৫২০০১।



২২-০২-২০২৪

ক্যাপ্টেন মোহাম্মদ হাসান, (জি), বিসিজিএম, পিএসসি,  
বিএন  
অধ্যক্ষ

#### বিতরণ:

- ১। ক্যাডেট ভর্তি কমিটি, মেরিন ফিশারিজ একাডেমি;
- ২। জুনিয়র ইন্ট্রাকোর্স (মেরিন) ও ট্রেনিং কো-অর্ডিনেটর অফিসার, মেরিন ফিশারিজ একাডেমি এবং
- ৩। সকল নোটিশ বোর্ড,।

